০6 SEP 2016
পৃঃ 2

যুগান্তর

# ২৫ সেপ্টেম্বর থেকে মেডিকেল ভর্তি কোচিং বন্ধের নির্দেশ

**যুগান্তর রিপোর্ট**

আসন্ন এমবিবিএস ও বিডিএস পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ২৫ সেপ্টেম্বর থেকে সব মেডিকেল ভর্তি কোচিং সেন্টার বন্ধ করার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। এছাড়া ভর্তি পরীক্ষা কেন্দ্র করে প্রশ্নপত্র ফাঁসসহ যে কোনো ধরনের গুজব বা ভুয়া তথ্য যদি কেউ ফেসবুক বা ইন্টারনেটে প্রচার করে তবে তার বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে বলে সিদ্ধান্ত হয়েছে।

## প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ালে আইসিটি আইনে ব্যবস্থা

সোমবার স্বাস্থ্য মন্ত্রণালয়ে বেসরকারি মেডিকেল কলেজ নীতিমালা সংক্রান্ত সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন।

সভায় কোনো অনিয়ম বা প্রশ্নপত্র ফাঁসের গুজব না ছড়িয়ে যে কোনো অভিযোগ কাছের থানা এবং স্বাস্থ্য মন্ত্রণালয় বা স্বাস্থ্য অধিদফতরে দ্রুত জানানোর জন্য সর্বসাধারণের প্রতি অনুরোধ জানানো হয়। ২০১৬-১৭ শিক্ষাবর্ষে আগামী ৭ অক্টোবর এমবিবিএস এবং ৪ নভেম্বর বিডিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সভায় অন্যান্যের মধ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বিমান কুমার সাহা এনডিসি, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ, বিএমএর মহাসচিব অধ্যাপক ডা. ইকবাল আর্সলান, বিএমডিসির চেয়ারম্যান অধ্যাপক ডা. শহীদুল্লাসহ মন্ত্রণালয় ও অধিদফতরের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এদিকে অপর এক সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি অনুযায়ী ৯ হাজার ৪৮৪ জন সিনিয়র স্টাফ নার্স নিয়োগের ঘটনাকে দেশের জনগণ ও বেকার নার্সদের জন্য প্রধানমন্ত্রীর 'ঈদ উপহার' হিসেবে আখ্যায়িত করেছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, দ্রুত সারা দেশের হাসপাতালে তাদের পদায়ন করে জনগণের দোরগোড়ায় চিকিৎসা নিশ্চিত করার পথে দেশকে আরও এগিয়ে নিয়ে যাবে সরকার।

সোমবার ৫শ' চিকিৎসককে সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি প্রদান করা হয়েছে জানিয়ে তিনি বলেন, তাদের দেশের ৩১টি সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতালে পদায়ন করা হবে। তাদের কলেজে শিক্ষকতার পাশাপাশি হাসপাতালে চিকিৎসা প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়েছে। অন্যথায় কর্মস্থল থেকে তাদের প্রত্যাহার করা হবে বলে জানান স্বাস্থ্যমন্ত্রী। সোমবার সচিবালয়ে নার্স নিয়োগ ও চিকিৎসকদের পদোন্নতি নিয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি একথা বলেন।

সরকারি কর্মকমিশনের (পিএসসি) মাধ্যমে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ নার্সদের অভিনন্দন জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, যারা আন্দোলন ও হুমকির মধ্যেও মানবসেবার মনোবৃত্তি নিয়ে পরীক্ষা দিয়েছিলেন তারাই প্রকৃত সেবক।